ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৪১৫

আগরতলা, ২৭ অক্টোবর , ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ২৩/০৯/২০২৫ তারিখে স্যান্দন পত্রিকায় "কৈলাশহরে ট্রাফিক ব্যবস্থা বেহাল" শিরোনামে প্রকাশিত সংবাদটি আরক্ষা দপ্তরের নজরে এসেছে। এ বিষয়ে ঊনকোটি জেলার পুলিশ সুপারের রিপোর্টের ভিত্তিতে এস পি (পুলিশ কন্ট্রোল) এক স্পষ্টিকরণে জানিয়েছেন যে, কৈলাশহর শহরের ট্রাফিক ব্যবস্থ্যা নিয়ন্ত্রণে প্রতিদিন ট্রাফিক পুলিশ কর্মীদের সাথে ট্রাফিক স্বেচ্ছাসেবকগণ কাজ করছে। বিপুল সংখ্যক বৈদ্যুতিক টুক-টুক (ই-রিকশা) এবং বৈদ্যুতিক অটোরিকশার বৃদ্ধির কারণে ট্রাফিক ইউনিট ট্রাফিক ব্যবস্থার নিয়ন্ত্রণ বজায় রাখতে অসুবিধার সম্মুখীন হলেও ট্রাফিক পুলিশ আন্তরিকতার সাথে তাদের দায়িত্ব পালন করে এই সমস্যার সমাধান করছে। ঊনকোটি জেলা ট্রাফিক ইউনিট নিয়মিতভাবে কৈলাশহর থানার আধিকারিক ও কর্মীদের সাথে নিয়ে শহর এলাকায় বিশেষ অভিযান সংঘটিত করছে। চলতি বছরের সেপ্টেম্বর মাসে কৈলাশহরের শহর এলাকা থেকে মোট ২২৪টি মামলার রিপোর্ট জমা দেওয়া হয়েছে এবং ২,৭৪,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। তাছাড়া ১২৮টি ড্রাইভিং লাইসেন্স জব্দ করা হয়েছে।

******